গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫১১/১(৫৩১) তারিখ:২৭.১১.২০২২ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ডুপ্লিকেট একাউন্টধারী শিক্ষার্থীদের তথ্য সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর মাঝে ইতোমধ্যে জানুয়ারি-জুন/২২ কিস্তির উপবৃত্তি বিতরণ করা হয়েছে। কিন্তু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে একই একাউন্ট নম্বর একাধিক বার ব্যবহার এবং প্রতারক চক্র কর্তৃক অবৈধভাবে অনাধিকার উপায়ে একাউন্ট নম্বর পরিবর্তন করার কারণে উপবৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি। **এমতাবস্থায়, শিক্ষার্থীদের একাউন্ট নম্বরসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক সংযুক্ত Excelsheet এ আগামী ১৫.১২.২০২২ তারিখের মধ্যে আবশ্যিক ভাবে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরন করে তথ্যাদি সংশোধন করে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

**ক) শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের নিয়মাবলী:**

- প্রেরিত শিক্ষার্থীদের ডাটাবেইজ ( শিক্ষার্থীর নাম, জন্ম নিবন্ধন নম্বর, শ্রেণি, অভিভবাকের নাম ও NID নম্বর) সঠিক আছে কিনা যাচাই করতে হবে। কেবল মাত্র সঠিক যোগ্য শিক্ষার্থীদের ক্ষেত্রে তথ্যসমূহ পুরণ করতে হবে। কোন ক্রমেই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় বা ভুয়া (যদি থাকে) শিক্ষার্থীদের তথ্য পুরণ করা যাবে না।
- সংযুক্ত Excelsheet এর শুধুমাত্র Blank/খালি (ব্যাংক, শাখা, একাউন্ট নম্বর, হিসাবধারীর নাম ও রাউটিং নম্বর) ঘর গুলোতে তথ্যাদি পুরণ করতে হবে। অন্যান্য ঘর এ কোন রকম তথ্য সংশোধন/পরিবর্তন করা যাবে না।
- একই একাউন্ট/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীদের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে।
- মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস লিমিটেড (বিকাশ/নগদ/রকেট/উপায়/শিওরক্যাশ) ব্যবহার করার ক্ষেত্রে Bank এর ঘরে সংশ্লিষ্ট সার্ভিস লিমিটেড (বিকাশ/নগদ/রকেট/উপায়/শিওরক্যাশ) এর নাম লিখতে হবে এবং Branch এর ঘরে কিছু লিখার প্রয়োজন নেই। এক্ষেত্রে বিকাশ, নগদ, রকেট, উপায় ও শিওরক্যাশ এর Routing Number এর ঘরে যথাক্রমে ৬০২৭৫৫৫৪, ২০০২৭৫৫৫৬, ৯০২৭৫৫৫৩, ২৪৫২৭৫৫৫৩ ও ১৮৫২৭৫৫৫০ ব্যবহার করতে হবে।
- এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে Branch এর ঘরে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখা ও Routing Number এর ঘরে এজেন্ট ব্যাংকিং এর রাউটিং নম্বর প্রদান করতে হবে।
- অনলাইন ব্যাংক একাউন্ট/স্কুল ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক এর শাখা ও রাউটিং নম্বর প্রদান করতে হবে।

**২। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশোধিত তালিকা সংগ্রহপূর্বক একত্রিত করে একটি Excelsheet এ সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিসিয়াল ইমেইল হতে কর্মসূচির (hsp@pmeat.gov.bd) ইমেইলে প্রেরণ করবেন। কোনক্রমে শিক্ষা প্রতিষ্ঠান হতে আলাদা আলাদা Excelsheet প্রেরণ করা যবে না।**

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এবং সঠিক নম্বর ব্যতিত অন্য/ভুল একাউন্ট নম্বর প্রদান করা হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

**সংযুক্তি: শিক্ষার্থীদের ডাটাবেইজ (Excelsheet)**

২৭/১১/২২

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫১১/১(৫৩১) তারিখ: ২৭.১১.২০২২ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৬। টীম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
০৯। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কর্মসূচিভুক্ত), সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ এবং সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট শিক্ষার্থীদের Excelsheet সহ পত্র প্রেরণের অনুরোধসহ)।
১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সংরক্ষণ নথি।

২৭/১১/২০২২

(মোঃ তৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৬৭